

# এসএসসির ফল প্রকাশ আজ, অপেক্ষায় শিক্ষার্থীরা

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ২৮ জুলাই ২০২৩



মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হবে আজ। অন্যান্য বছর কর্মদিবসে ফল প্রকাশ করা হলেও এবার প্রথমবারের মতো সরকারি ছুটির দিন ফল প্রকাশ করতে যাচ্ছে আন্তঃশিক্ষা বোর্ড।

শুক্রবার (২৮ জুলাই) সকাল সাড়ে ১০টায় নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে ফল প্রকাশিত হবে।

শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং আন্তঃশিক্ষণ বোর্ড সমষ্টির কমিটির আহ্বায়ক অধ্যাপক তপন কুমার সরকার গণমাধ্যমকে বলেন, ফল প্রকাশের সব ধরনের প্রস্তুতি শেষ। এখন শুধু একটি ক্লিক করে এই ফল প্রকাশ করা হবে।

প্রকাশের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে আনুষ্ঠানিকভাবে ফলাফলের সার-সংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এ সময় দেশের সাধারণ ছটি শিক্ষা বোর্ড এবং মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত থাকবেন। এরপর বোর্ড থেকে একটি ক্লিকের মাধ্যমে সবার জন্য তা উন্মুক্ত করা হবে।

এদিকে, শুক্রবার একদিকে সাম্প্রতিক ছুটি, অন্যদিকে ঢাকায় দেশের বড় দুটি রাজনৈতিক দলের সমাবেশ। পাশাপাশি দুটি দলের সমমনা আরও অন্তত ৩৫-৪০টি দল এদিন ঢাকার রাজপথে নামছে। এ মিছিল-সমাবেশ ঘিরে উত্তপ্ত থাকবে রাজধানী। এজন্য শিক্ষার্থীদের এবার ঘরে বসেই ফল দেখার আহ্বান জানিয়েছেন আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার।

যদিও ঢাকার বড় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ফল ঘোষণার পর শিক্ষার্থীদের আনন্দ-উৎসবের ব্যবস্থা রাখা হয়েছে বলে জানা গেছে। তবে ঘরে বসে ফল দেখার আহ্বান এসব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদেরও।

## ফল জানা যাবে যেভাবে

তাকা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষার্থীরা তাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [educationboardresults.gov.bd](http://educationboardresults.gov.bd) প্রবেশ করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবে। এ ছাড়া এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। সে ক্ষেত্রে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে SSC লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর দিতে হবে। এরপর আবারও স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। (উদাহরণ- SSC DHA ROLL YEAR)। ফিরতি মেসেজে ফল জানিয়ে দেওয়া হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট পেতে বোর্ডের ওয়েবসাইট প্রবেশ করতে হবে। এরপর রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষাপ্রতিষ্ঠানে ইআইআইএন (EIIN) এন্ট্রি করতে হবে। তাহলে ওই শিক্ষাপ্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।